# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৫১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১৬. রাতের (তাহজ্জুদ) সালাত সম্পর্কে

باب فِي صَلاَةِ اللَّيْلِ

---

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادٌ، عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو، عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ بْنِ وَقَّاصٍ، عَنْ عَائِشَةَ، رضى الله عنها : أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم كَانَ يُوتِرُ بِتِسْعِ رَكَعَاتٍ، ثُمَّ أَوْتَرَ بِسَبْعِ رَكَعَاتٍ، وَرَكَعَ رَكْعَتَيْنِ وَهُوَ جَالِسٌ بَعْدَ الْوِتْرِ يَقْرَأُ فِيهِمَا، فَإِذَا أَرَادَ أَنْ يَرْكَعَ قَامَ فَرَكَعَ ثُمَّ سَجَدَ

ـ حسن صحيح

قَالَ أَبُو دَاوُدَ : رَوَى هَذَيْنِ الْحَدِيثَيْنِ خَالِدُ بْنُ عَبْدِ اللهِ الْوَاسِطِيُّ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو مِثْلَهُ، قَالَ فِيهِ قَالَ عَلْقَمَةُ بْنُ وَقَّاصٍ : يَا أُمَّتَاهُ كَيْفَ كَانَ يُصَلِّي الرَّكْعَتَيْنِ فَذَكَرَ مَعْنَاهُ .حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ عَنْ خَالِدٍ .

ـ صحيح

বাংলা

১৩৫১। ’আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিতর সালাত নয় রাক’আত আদায় করতেন। পরবর্তীতে (শেষ বয়সের দিকে) তিনি সাত রাক’আত বিতর সালাত আদায় করেন এবং বিতরের পর বসাবস্থায় দু’ রাক’আত সালাত আদায় করেছেন। তাতে ক্বিরাআত পাঠ করেছেন এবং রুকূ’র সময় দাঁড়িয়ে রুকূ’ করেছেন, অতঃপর সিজদা্ করেছেন।

হাসান সহীহ।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, এ হাদীস দুটি অনুরূপভাবে বর্ণনা করেছেন খালিদ ইবনু ’আবদুল্লাহ আল-ওয়াসিত্বী (রহঃ) মুহাম্মাদ ইবনু ’আমর হতে। তাতে রয়েছে, ’আলকামাহ ইবনু ওয়াক্কাস বলেন, হে আম্মাজান! তিনি ঐ দু’ রাক’আত কিভাবে আদায় করেছেন? অতঃপর হাদীসের ভাবার্থ উল্লেখ করেন।[1]

সহীহ।

## English

Narrated 'Aishah:

The Messenger of Allah (ﷺ) used to observe the witr prayer with nine rak'ahs. Then he used to pray seven rak'ahs (of witr prayer). He would pray two rak'ahs sitting after the witr in which he would recite the Qur'an (sitting). When he wished to bow, he stood up and bowed and prostrated.

Abu Dawud said: These two traditions have been transmitted by Khalid b. 'Abd Allah al-Wasiti. In his version he said: 'Alqamah b. Waqqas said: O mother, how did he pray the two rak'ahs ? He narrated the rest of the tradition to the same effect.

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : ক্বিয়ামুল লাইল, অনুঃ নয় রাক‘আত বিতর পড়ার নিয়ম, হাঃ ১৭২১)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58669

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন